website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

বিআরপিডি সার্কুলার লেটার নং- ৪১

তারিখঃ ১৮ আগস্ট ২০২০ / ০৩ ভাদ্র ১৪২৭

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

প্রিয় মহোদয়,

**করোনা ভাইরাসের প্রাদুর্ভাব প্রতিরোধে ব্যাংকের করণীয় প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ২২ মার্চ ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের মাধ্যমে ব্যাংকিং খাতে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব এবং এর কমিউনিটি ট্রান্সমিশন রোধে বিশেষ পরিস্থিতিতে কার্যকরী পদক্ষেপ গ্রহণ, নিরবচ্ছিন্ন জরুরী ব্যাংকিং সেবা নিশ্চিতকরণ, অন-লাইন ব্যাংকিং সেবা জোরদার করা, রেশনিং/রোস্টারিং এর মাধ্যমে অফিসের কার্যক্রম সম্পন্ন করা, প্রযোজ্য ক্ষেত্রে কোয়ারেন্টিন ছুটি প্রদান, পারস্পরিক দূরত্ব বজায় রাখা এবং কর্মক্ষেত্রে স্বাস্থ্যবিধি পরিপালনসহ বিভিন্ন বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। এ পর্যায়ে, দেশের অর্থনৈতিক গতিশীলতা স্বাভাবিক করার লক্ষ্যে বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২০ এর অনুচ্ছেদ নং-৪, ৫ ও ১৬ -এ নিম্নরূপভাবে সংশোধন আনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

ক) অনুচ্ছেদ নং-৪ নিম্নরূপে প্রতিস্থাপিত হবেঃ
"ব্যাংকসমূহ নিরবচ্ছিন্নভাবে স্বাভাবিক দাপ্তরিক/ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করবে।"

খ) অনুচ্ছেদ নং-৫ এ উল্লেখিত বিধানের সাথে অ-বিকলনযোগ্য ছুটির বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা প্রযোজ্য হবেঃ
"ঝুঁকিপূর্ণ (World Health Organization এর গাইডলাইন অনুযায়ী)/ কোভিড-১৯ এ আক্রান্ত কর্মকর্তা-কর্মচারী ও সন্তান সম্ভবা নারীগণ চিকিৎসকের প্রত্যয়ন/মেডিক্যাল সার্টিফিকেট স্ব স্ব কর্তৃপক্ষের নিকট দাখিলকরতঃ অফিসে আগমন হতে বিরত থাকবেন। "

গ) অনুচ্ছেদ নং-১৬ নিম্নরূপে প্রতিস্থাপিত হবেঃ
"ব্যাংকসমূহের সান্ধ্যকালীন এবং প্রযোজ্য ক্ষেত্রে সাপ্তাহিক ছুটিকালীন (শুক্রবার ও শনিবার) কার্যক্রম স্বাভাবিক নিয়মে পূর্বের ন্যায় পরিচালিত হবে।"

৩। এতদ্ব্যতীত, উক্ত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত তা বহাল থাকবে।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২